

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৪.২০১৪-৯৩৮

তারিখঃ ১২-০৭-২০২০ খ্রিঃ

অফিস আদেশ

Covid-19 এর ব্যাপক বিস্তার রোধে এবং আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা প্রদানের নিমিত্তে স্বাস্থ্য সেবা বিভাগের নিম্নোক্ত কর্মকর্তাদের নিম্নরূপভাবে সমন্বয়নের দায়িত্ব প্রদান করা হলঃ

ক্রমিক	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	দায়িত্বপ্রাপ্ত বিভাগ ও জেলা
১	অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য অনুবিভাগ)	১. স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল ২. বরিশাল বিভাগ
২	মহাপরিচালক (অতিরিক্ত সচিব), অটিজম সেল	রংপুর বিভাগ
৩	অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য অনুবিভাগ)	ঢাকা বিভাগ
৪	অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)	১. ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ২. রাজশাহী বিভাগ
৫	অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ)	সিলেট বিভাগ
৬	অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)	১. ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা ২. খুলনা বিভাগ
৭	অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন অনুবিভাগ)	ময়মনসিংহ বিভাগ
৮	অতিরিক্ত সচিব (আইন অনুবিভাগ)	চট্টগ্রাম বিভাগ


২। মনিটরিং টিমের কর্মপরিধিঃ

দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত সচিবগণ তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করে করণীয় সম্পর্কে সুপারিশ তৈরি করে প্রতিবেদন জনস্বাস্থ্য অনুবিভাগে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে প্রেরণ করবেন, জনস্বাস্থ্য অনুবিভাগ প্রধান তা সমন্বয় করে একটি সমন্বিত প্রতিবেদন প্রতিদিন ৫.০০ ঘটিকার মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের নিকট (ই-মেইল ও হার্ডকপিসহ) দাখিল করবেন। প্রতিবেদনে নিম্নলিখিত বিষয়াদি অগ্রাধিকার ভিত্তিতে অন্তর্ভুক্ত থাকবেঃ

- হাসপাতালের সেবা ও নিরাপত্তা প্রস্তুতি;
- করোনা পরিস্থিতিতে পিপিই প্রাপ্তি নিশ্চিত করণ;
- Covid-19 পরীক্ষার ব্যবস্থা সমন্বয়;
- এ্যাম্বুলেন্স প্রস্তুত রাখা;
- টেলিমেডিসিন সেবা;
- সচেতনতামূলক কর্মসূচী;
- বিভিন্ন কমিটির কার্যক্রম তদারকি;
- Covid-19-এ আক্রান্ত মৃত ব্যক্তির দাফন সংক্রান্ত তথ্য;
- উদ্ভূত পরিস্থিতিতে এ সংক্রান্ত অর্পিত সকল দায়িত্ব সম্পাদনা।

৩. যে সকল শাখা/অধিশাখা/অনুবিভাগে কর্মকর্তা পদায়ন করা হয়নি সে সকল শাখা/অধিশাখা/অনুবিভাগে বিকল্প কর্মকর্তাগণ বর্ণিত দায়িত্ব পালন করবেন।

৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মোঃ আবদুছ সালাম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫


admin1@hsd.gov.bd

নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৪.২০১৪-৯৩৮

তারিখঃ ১২-০৭-২০২০ খ্রিঃ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (তঁর অধীন মাঠ পর্যায়ের সকল প্রতিষ্ঠানসমূহে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হল)।
৩. বিভাগীয় কমিশনার (সকল).....
৪. যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ.....
৬. পরিচালক (সকল),মেডিকেল কলেজ হাসপাতাল/স্বাস্থ্য অধিদপ্তর।
৭. অধ্যক্ষ (সকল).....
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০. উপপরিচালক/তত্ত্বাবধায়ক/সহকারী পরিচালক/সিভিল সার্জন/ইউএইচএফপিও.....
১১. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।



(মোঃ আব্দুছ সালাম)

উপসচিব